# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

স্মারক নম্বর- রাশিবো/ক্রীড়া-১৭ তারিখ- ২৬/০৭/২০২৬

**বিষয় : প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৬ উপলক্ষে লোগো, রিলস, মাসকট, স্লোগান ও থিম সং তৈরির প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

**সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৬৪০৯, তারিখ-২০ জুলাই ২০২৬ খ্রি.**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় আয়োজনের অংশ হিসাবে প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৬ উপলক্ষে রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক ও শিক্ষার্থীদের নিকট হতে লোগো, রিলস, মাসকট, স্লোগান ও থিম সং আহ্বান করা হয়েছে। আগামী ২৮/০৭/২০২৬ তারিখের মধ্যে লাগো, রিলস, মাসকট, স্লোগান ও থিম সং তৈরি করে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ পূর্বক hpmgoldcup@gmail.com মেইলে প্রেরণের নির্দেশনা রয়েছে। নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

১. লোগো PNG, jpg এবং jpeg ফরমেটে প্রেরণ করতে হবে।
২. রিলস তৈরি করে উপরোল্লিখিত ই-মেইলে লিংক পাঠাতে হবে। রিলস অবশ্যই শিক্ষার্থীদের (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের) ফুটবল খেলা সম্পর্কিত হতে হবে।
৩. থিম সং তৈরি করে ওয়ার্ড ও পিডিএফ ফরমেটে ই-মেইলে প্রেরণ করতে হবে।
৪. মাসকট তৈরি করে ই-মেইলে প্রেরণ করতে হবে।
৫. স্লোগান তৈরি করে ই-মেইলে প্রেরণ করতে হবে।

উল্লেখ্য যে, উপরোল্লিখিত তথ্য প্রেরণের সাথে একটি সচল মোবাইল নম্বরসহ যোগাযোগের ঠিকানা প্রেরণ করতে হবে। লোগো, রিলস, মাসকট, স্লোগান ও থিম সং তৈরি প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদেরকে মাননীয় প্রধানমন্ত্রী পুরস্কৃত করবেন।

বি:দ্র: ইতোপূর্বে যারা লাগো, রিলস ও থিম সং প্রেরণ করেছেন তাদের নতুন করে প্রেরণ করার প্রয়োজন নাই।

২৬.০৭.২৬

সংযুক্তি : স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৬৪০৯, তারিখ-২০ জুলাই ২০২৬ খ্রি.

প্রফেসর ড. শামীম আরা চৌধুরী
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

১. জেলা শিক্ষা অফিসার (সকল)
রাজশাহী বিভাগ
২. প্রধান শিক্ষক/অধ্যক্ষ
রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয় ও মহাবিদ্যালয়

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা, রাজশাহী বিভাগ
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা, রাজশাহী বিভাগ
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড
৪. অফিস নথি

2 sports_02